# ঢাকা বোর্ড এসএসসি পরীক্ষার পাসের হার ৫৫

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ঢাকা বোর্ডের ১৯৭৯ সালের এসএসসি পরীক্ষার ফল মঙ্গলবার প্রকাশিত হয়েছে। পাসের হার শতকরা ৫৫ দশমিক ২১ ভাগ।

অংশগ্রহণকারী মোট ৬০ হাজার ন'শ ৪০ জন পরীক্ষার্থীর মধ্যে মোট ৩৩ হাজার ৬ শ ৪৭ জন কৃতকার্য হয়েছেন। এদের মধ্যে সকল বিভাগে তিন হাজার ৭ শ ৪৫ জন প্রথম বিভাগে, ১০ হাজার ৭ শ ৮২ জন দ্বিতীয় বিভাগে এবং ১৯ হাজার এক শ ২০ জন তৃতীয় বিভাগে পাস করেছেন।

সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছেন ঢাকা গবর্নমেন্ট ল্যাবরেটরী হাইস্কুলের ছাত্র আবুল মনসুর। তিনি ছয়টি বিষয়ে লেটার পেয়েছেন। বিজ্ঞান বিভাগে (মহিলা) প্রথম স্থান অধিকার করেছেন অগ্রণী উচ্চ বালিকা বিদ্যালয়ের সেলিনা আহমেদ। কলা বিভাগে (পুরুষ ও মহিলা একত্রে) প্রথম হয়েছেন অগ্রণী উচ্চ বালিকা বিদ্যালয়ের নায়লা সুরাইয়া ইসলাম। বাণিজ্য বিভাগে প্রথম হয়েছেন সেন্ট গ্রেগরিজ হাইস্কুলের সৈয়দ মুনিরুল ইসলাম।

সম্মিলিত মেধা তালিকা নিম্নরূপঃ প্রথম—আবুল মনসুর, গবর্নমেন্ট ল্যাবরেটরী হাইস্কুল, দ্বিতীয়—আবুল কালাম, গবর্নমেন্ট ল্যাবরেটরী হাইস্কুল, তৃতীয়—মোহাম্মদ মজিবুর রহমান, মোমেনশাহী ক্যাডেট কলেজ, চতুর্থ—সেলিনা আহমেদ, অগ্রণী উচ্চ বালিকা বিদ্যালয়, পঞ্চম—জাহির আহমদ, তেজগাঁও পলিটেকনিক উচ্চ বিদ্যালয়, মোহাম্মদ হাবিবুর রহমান, মোমেনশাহী ক্যাডেট কলেজ, ষষ্ঠ—মোহাম্মদ শহীদুল ইসলাম, এন এস এ জি উচ্চ বিদ্যালয়, সপ্তম—নাজমা আফরোজ, অগ্রণী উচ্চ বালিকা বিদ্যালয়, অষ্টম—মোহাম্মদ হোসেন আখতারউস সামাদ, নজরুল শিক্ষালয়, নবম—ইকরামুল হোসেন পাটোয়ারী, মোমেনশাহী ক্যাডেট কলেজ, দশম—মোহাম্মদ জিয়াউল ইসলাম, গবর্ন-

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ঢাকা বোর্ড

(১-এর পৃঃ পর)

মেন্ট ল্যাবরেটরী হাইস্কুল, একাদশ—মাহমুদ হোসেন, মতিঝিল সরকারী বালক উচ্চ বিদ্যালয়, আবু তাহের মোহাম্মদ জাহিদ হোসেন খান, মোমেনশাহী ক্যাডেট কলেজ, দ্বাদশ—সেলিম আবেদ, মোমেনশাহী ক্যাডেট কলেজ, ত্রয়োদশ—মোহাম্মদ খালেদুল ইসলাম, রেসিডেন্সিয়াল মডেল স্কুল, ফিরোজ আহমদ, শহীদ রমিজউদ্দিন উচ্চ বিদ্যালয়, মোহাম্মদ আবদুল করিম খান, বিন্দু বাসিনী সরকারী উচ্চ বালক বিদ্যালয়, চতুর্দশ—মোহাম্মদ রাজীবুল আখতার, মোহাম্মদপুর সরকারী উচ্চ বালক বিদ্যালয়, মোহাম্মদ মাহফুজুর রহমান, কিশোরগঞ্জ সরকারী বালক উচ্চ বিদ্যালয়, পঞ্চদশ—আলী হাসান, গবর্নমেন্ট ল্যাবরেটরী হাইস্কুল, আবু নাসার, মোমেনশাহী ক্যাডেট কলেজ, ষষ্ঠদশ—মোহাম্মদ মোস্তফা আহমদ রেজা, গবর্নমেন্ট ল্যাবরেটরী হাইস্কুল, মোহাম্মদ ফজলুল কাদের, মোমেনশাহী ক্যাডেট কলেজ, সপ্তদশ—শিশির কুমার বসাক, ময়মনসিংহ জেলা স্কুল, অষ্টাদশ—জাভেদ আলম, ময়মনসিংহ জেলা স্কুল, উনবিংশ—আনিসুল হক, গবর্নমেন্ট ল্যাবরেটরী হাইস্কুল, তারিক আহসান, ধানমন্ডি সরকারী বালক উচ্চ বিদ্যালয়, মোহাম্মদ আনিসুর রহমান, তেজগাঁও পলিটেকনিক উচ্চ বিদ্যালয়, মোহাম্মদ নাসিমুল ইসলাম, সেন্ট জোসেফস উচ্চ বিদ্যালয়, রনজিৎ কুমার সরকার, গোপালগঞ্জ এস এম মডেল সরকারী উচ্চ বিদ্যালয়, বিংশ—মোহাম্মদ আবদুল হাই, মতিঝিল সরকারী উচ্চ বিদ্যালয়, মোহাম্মদ শফিউল আনাম মিলকী, মোমেনশাহী ক্যাডেট কলেজ, মোহাম্মদ সেলিম হোসেন, মোমেনশাহী ক্যাডেট কলেজ এবং অতুল কুমার সরকার, জামগ্রাম কে আর এস ইনস্টিটিউশন।